

কলকাতা মেট্রোপলিটন ওয়াটার এ্যাণ্ড স্যানিটেশন অথরিটি রূপায়িত

উত্তরপাড়া পুরাতন জলপ্রকল্পের সংস্কার ও নবীকরণের


## শুভ উদ্বোধন

ও

উত্তরপাড়া পৌরসভার সংযোজিত এলাকা মাখলা

অঞ্চলে পরিশ্রুত পানীয় জল সরবরাহের

## ভিত্তি প্রস্তর স্থাপন



১৪ই নভেম্বর ২০০৬



কলকাতা মেট্রোপলিটন ওয়াটার এ্যাণ্ড স্যানিটেশন অথরিটি রূপায়িত

## প্রকল্পের বৈশিষ্ট্য

উত্তরপাড়া পৌরসভার সংযোজিত  
এলাকা মাখলা অঞ্চলে পরিশ্রুত  
পানীয় জল সরবরাহ

উত্তরপাড়া পুরাতন জলপ্রকল্পের  
সংস্কার ও নবীকরণ

- ১) এই প্রকল্পটি উত্তর পাড়া-কোতরং পৌরসভার সংযোজিত এলাকা মাখলা অঞ্চলে পরিশ্রুত পানীয় জল ঘরে ঘরে পৌঁছে দেবার উদ্দেশ্যে রূপায়িত হবে। অঞ্চলটি উত্তরপাড়া-কোতরং পৌরসভার সংযোজিত এলাকার অন্তর্গত ২২ এবং ২৩ নং ওয়ার্ডে অবস্থিত।
  - ২) বর্তমানে এই অঞ্চলটি কে এম ডাবলিউ এ্যাণ্ড এস এ ফজ্জ এরিয়ার ভূগর্ভস্থ জল সরবরাহ প্রকল্পের অন্তর্ভুক্ত। এই এলাকায় ভূগর্ভস্থ জলের মান অবনতি হওয়ার দরুন; এখানে শ্রীরামপুর জলপ্রকল্প থেকে পরিশ্রুত পানীয় জল সরবরাহ হবে।
  - ৩) উত্তরপাড়া রেললাইনের নীচের বর্তমান অব্যবহৃত সুরঙ্গের সাহায্যে ভূগর্ভস্থ টি এস ১০ জলাধার থেকে মাখলা অঞ্চল পাইপ লাইনের মাধ্যমে সংযোগ স্থাপন হবে।
  - ৪) এই প্রকল্পের মাধ্যমে প্রায় ৫০ হাজার জনসাধারণকে ধাপে ধাপে পরিশ্রুত জল সরবরাহ করা যাবে।
  - ৫) এই প্রকল্প রূপায়নের আনুমানিক ব্যয়  
৳৬.৩৫ লক্ষ-৪৫৫,
- ১) এই প্রকল্পটির ফলে উত্তরপাড়ার পুরাতন জল প্রকল্পটির উৎপাদন ক্ষমতা দৈনিক ২ লক্ষ গ্যালন থেকে ৭.৫ লক্ষ গ্যালন হয়েছে।
  - ২) এই প্রকল্পটিতে আধুনিক প্রযুক্তি নির্ভর টিউব সেটলার এবং উন্নতমান ফিল্ট্রেশন পদ্ধতি ব্যবহার করা হয়েছে যার ফলে অতি সীমিত জায়গায় প্রায় চারগুন বেশী জল উৎপাদন সম্ভব হবে।
  - ৩) এই প্রকল্পের মাধ্যমে উত্তরপাড়া-কোতরং পৌরসভার অন্তর্গত ১৭-১৮ নং ওয়ার্ডে ৪০-৪৫ হাজার জনসাধারণকে পরিশ্রুত পানীয় জল সরবরাহ করা হবে।
  - ৪) এই প্রকল্প রূপায়নের আনুমানিক ব্যয় ৪৮ লক্ষ টাকা। উত্তরপাড়া-কোতরং পৌরসভা ১২ লক্ষ টাকা ব্যয় বহন করেছেন।
  - ৫) এই প্রকল্পটি পরীক্ষামূলক ভাবে গত অক্টোবর মাস থেকে শুরু হয়ে গেছে এবং নভেম্বর মাস থেকে পুরোপুরি চালু হবে। কাজটি শেষ হতে ৯ মাস লেগেছে।



কলকাতা মেট্রোপলিটন ওয়াটার এ্যাণ্ড স্যানিটেশন অথরিটি রূপায়িত

আগামী ১৪ই নভেম্বর ২০০৬, বিকাল ৪টায় কলকাতা মেট্রোপলিটন ওয়াটার এ্যাণ্ড স্যানিটেশন অথরিটি রূপায়িত উত্তরপাড়া পুরাতন জলপ্রকল্পের সংস্কার ও নবীকরণের শুভ উদ্বোধন ও উত্তরপাড়া পৌরসভার সংযোজিত এলাকায় পরিশ্রুত পানীয় জল সরবরাহের ভিত্তি প্রস্তর স্থাপন হবে উত্তরপাড়া মিউনিসিপ্যাল ওয়াটার ওয়ার্কস, বাবুঘাট প্রাঙ্গনে।

এই প্রকল্প দুটির শুভ উদ্বোধন ও ভিত্তি প্রস্তর স্থাপন করবেন পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় পৌর ও নগরোন্নয়ন মন্ত্রী এবং কে এম ডি এর সভাপতি শ্রী অশোক ভট্টাচার্য মহাশয়। প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী শ্রী সুদর্শন রায়চৌধুরী। সম্মানীয় অতিথি হিসাবে উপস্থিত থাকবেন মাননীয় সাংসদ শ্রী শান্তশ্রী চ্যাটার্জী। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন মাননীয় বিধায়ক শ্রী শ্রুতিনাথ প্রহরাজ। অনুষ্ঠানের সভাপতি হিসাবে উপস্থিত থাকবেন শ্রী পিনাকী ধামালী, মাননীয় পৌর প্রধান, উত্তরপাড়া-কোতরং পৌরসভা। আপনাদের সকলের উপস্থিতি প্রার্থনীয়।

**অভিজিৎ ব্যানার্জী**


বিশেষ ভারপ্রাপ্ত আধিকারিক  
কে এম ডাবলিউ এ্যাণ্ড এস এ

**পি. আর. বাবিস্কার**

মুখ্য নির্বাহী আধিকারিক  
কে এম ডি এ



কলকাতা মেট্রোপলিটন ওয়াটার এ্যাণ্ড স্যানিটেশন অথরিটি রূপায়িত



কলকাতা মেট্রোপলিটন ওয়াটার এ্যাণ্ড স্যানিটেশন অথরিটি রূপায়িত